



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২২.২০২৩ (পার্ট-০২)/ ১০০৬

তারিখ: ০৫/০২/২০২৩ বঙ্গাব্দ
২৬/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : ৪৩তম অ্যাডভান্সড কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসিইএম) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রসঙ্গ

সূত্র : মাউশি স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৪১.০০৩.১৯.২২১১

তারিখ: ০৫/০১/১৪৩১ বঃ, ১৮/০৪/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ আগামী ২৩.০৪.২০২৪ থেকে ০৬.০৬.২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ৪৫ (পঁয়তাল্লিশ) দিনব্যাপী ৪৩তম অ্যাডভান্সড কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসিইএম) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেয়া হয়েছে। এ কোর্সে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিম্নরূপ:

১. প্রশিক্ষার্থীগণ ২১ এপ্রিল ২০২৪ খ্রি রাত ১০:০০ ঘটিকার পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর > অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন। অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য উক্ত সাইটে Instruction বাটনে ক্লিক করুন।
২. প্রশিক্ষার্থীকে ২৩ এপ্রিল ২০২৪ তারিখ, মঙ্গলবার সকাল ০৮:৩০ ঘটিকায় প্রশাসনিক ভবনের নিচ তলায় ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে কোর্স কমিটির নিকট রিপোর্ট করতে হবে।
৩. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নির্ধারিত সার্ভিস চার্জ প্রদানপূর্বক নায়েম হোস্টেলে অবস্থান করা বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য তোষক, বালিশ, মশারি ও চাদর সরবরাহ করা হবে। হোস্টেলে সিট নেয়ার জন্য কোর্সে শুরুর পূর্ববর্তী দিন ২২ এপ্রিল ২০২৪ খ্রি, সোমবার বিকাল ০৩:০০টায় নির্ধারিত হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণের জন্য রিপোর্ট করতে হবে।
৪. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন হতে তাঁর কর্মস্থল থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন পদস্থ কর্মকর্তা হিসেবে এবং কোর্সের উচ্চমান নিশ্চিতকল্পে প্রশিক্ষণ কক্ষ ও নায়েম ক্যাম্পাসের অন্যান্য কর্মসূচিতে অফিসিয়াল পোশাক পরিধান করতে হবে। কোর্সে শিক্ষা সফর বাধ্যতামূলক বিধায় সন্তান সন্তবা মহিলা শিক্ষক অথবা ভ্রমণে অক্ষম শিক্ষকগণকে না আসার জন্য অনুরোধ করা হলো।
৬. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষার্থীগণকে স্পোর্টস ট্রাউজার ও কলার সংবলিত গেঞ্জি, মোজা, কেডস এবং মহিলা প্রশিক্ষার্থীগণকে সালওয়ান-কামিজ এবং কেডস পরিধান করতে হবে। এ ক্ষেত্রে পোশাকের রং সাদা হতে হবে। এ জন্য প্রশিক্ষণের শুরুতে ক্রীড়া প্রশিক্ষকের পরামর্শ অনুসরণীয়।
৭. প্রত্যেক প্রশিক্ষার্থীকে এক কপি জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও নিজ নিজ প্রতিষ্ঠানের ছাড়পত্র/অনুমতিপত্র (প্রতিষ্ঠানের EIIN উল্লেখসহ) সাথে আনতে হবে।
৮. অংশগ্রহণকারীকে সরকারি নিয়ম অনুযায়ী নায়েম থেকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাণ্ডা, খাওয়া ও শিক্ষা সফরের ব্যয়) নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষার্থীকে কমপক্ষে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৯. জরুরি প্রয়োজনে কোর্স পরিচালক, জনাব মো: লুৎফর রহমান, উপপরিচালক, মুঠোফোন নম্বর: ০১৭১২-২৪১৫৪১ অথবা কোর্স সমন্বয়ক জনাব শেখ মোহাম্মদ আলী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম-এর সাথে মুঠোফোন নম্বর: ০১৭১৭-৩৩১১৮৮ অথবা ই-মেইল: tsali.naem@gmail.com এ যোগাযোগ করা যেতে পারে।
১০. আমন্ত্রণপত্রটি নায়েমের ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।
১১. এ প্রশিক্ষণের শিক্ষাসফর বৈদেশিক হলে পাসপোর্ট প্রয়োজন হবে। এ ক্ষেত্রে পাসপোর্ট সাথে নিয়ে আসা বাঞ্ছনীয়।

Shahid
২৬.০৪.২০২৪

(মোঃ সাইদুজ্জামান)

উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

প্রাপক :

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২২.২০২৩ (পার্ট-০২)/ ১০০৬ (২১)

তারিখ: ০৫/০২/২০২৩ বঙ্গাব্দ
২৬/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. হোস্টেল সুপারিনটেনডেন্ট, শহীদ বুদ্ধিজীবী হোস্টেল, নায়েম, ঢাকা;
৮. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ);
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১০. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১১. অফিস কপি।

Shahid
২৬.০৪.২০২৪

(মো: লুৎফর রহমান)
উপপরিচালক, নায়েম

৩
কোর্স পরিচালক, ৪৩তম এসিইএম